গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি তথ্য সার্ভিস
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.ais.gov.bd

স্মারক নম্বর: স্মারক নং: ১২.০৫.০০০.০০০০.০১২.১৪.০০০৩.২৬-৫৯৬

তারিখ : ১৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ২৯ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা এর অধীন রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে অনলাইনে (https://ais.teletalk.com.bd ওয়েব সাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো অবেদন গ্রহণ করা হবে না:

ক্র. ন.	পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
১	২	৩	৪	৫
১।	সহকারী প্রদর্শনী বিশেষজ্ঞ টাঃ ২৩৫০০-৫৬৮০০/- গ্রেড-১৪	৩২ বছর	০১	এস.এস.সি. পাসসহ শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে ফাইন/কমার্শিয়াল আর্টস সনদ থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
২।	অডিও ভিস্যুয়েল ইউনিট অপারেটর টাঃ ২৩৫০০-৫৬৮০০/- গ্রেড-১৪	৩২ বছর	০৪	এস.এস.সি. পাসসহ ৩৫ মি.মি. এবং ১৬ মি.মি. প্রজেক্টর, এমপ্লিফায়ার, পি.এ., সেট জেনারেটর অপারেটিং কাজে অবশ্যই প্রশিক্ষণ থাকতে হবে। অবশ্যই বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৩।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ ২১৯০০-৫২৯০০/- (গ্রেড -১৬)	৩২ বছর	০৪	এইচ.এস.সি. পাসসহ টাইপিং এর গতি ৩০ শব্দ/মিনিট থাকতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীরদের অগ্রধিকার দেয়া হবে।
৪।	ক্যালিগ্রাফিস্ট টাঃ ২১৯০০-৫২৯০০/- (গ্রেড -১৬)	৩২ বছর	০১	এস.এস.সি. পাসসহ Commercial Arts, Illustration, Lettering, Key Drawing, Layout, Preparation of Chart ইত্যাদি বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।
৫।	অফসেট প্রিন্টার টাঃ ২১৯০০-৫২৯০০/- (গ্রেড -১৬)	৩২ বছর	০১	এস.এস.সি. পাসসহ যেকোনো স্বনামধন্য অফসেট প্রেসে প্রিন্টার হিসেবে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অধিক অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
৬।	অফিস সহায়ক টাঃ ২০০০০-৪৮৪০০/- (গ্রেড-২০)	৩২ বছর	০৪	৮ম শ্রেণি পাস।

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১। পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা এর ওয়েবসাইটে এবং মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে জানানো হবে।
২। সকল প্রার্থীর ক্ষেত্রে ০১/১১/২০২৬ তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪ এর ১ পৃষ্ঠা

CamScanner

৩। প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে। আবেদনপত্র দাখিলের নিয়মাবলি ও শর্তাবলি কৃষি তথ্য সার্ভিসের দপ্তরের ওয়েবসাইট www.ais.gov.bd অথবা **https://ais.teletalk.com.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে। উল্লেখ্য, অনলাইন (Online) আবেদন ব্যতীত সরাসরি বা ডাকযোগে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪। আবেদনকারীকে তার অর্জিত সঠিক (সর্বশেষ) শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

৫। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী হিসাবে বিবেচিত হবেন।

৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

৭। মৌখিক পরীক্ষার সময় নির্বাচিত প্রার্থীদের নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সকল সনদের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে:

(ক) অনলাইন আবেদনপত্র এবং প্রবেশপত্রের হার্ডকপি;
(খ) সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
(গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতার সনদ;
(ঘ) জাতীয় পরিচয়পত্র;
(ঙ) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;
(চ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ ও জন্ম নিবন্ধন সনদ;
(ছ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক সনদ; প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপর্যায়ের সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রতিবন্ধী সনদ এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ এবং প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের কপি।

৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://ais.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ১০/১১/২০২৬ খ্রিষ্টাব্দ, সকাল ০৯:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৩/১২/২০২৬ খ্রিষ্টাব্দ, বিকাল ০৫:০০ টা এবং পরীক্ষার ফি জমা দেয়ার সময়সীমা ১০/১১/২০২৬ খ্রি: তারিখ সকাল ০৯:০০ থেকে শুরু করে আবেদনপত্র গ্রহণের শেষ সময় হতে পরবর্তী ৭২ ঘন্টা। মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online-এ আবেদপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য 300xপ্রস্থ 80 pixel) ও সদ্য তোলা (অনুর্ধ্ব 90 দিন) রঙ্গিন ছবি (দৈর্ঘ্য 300xপ্রস্থ 300 pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ) Online আবেদপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান :** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy-তে যদি কোনো ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধনের সুযোগ থাকবে না। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's copy-তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১ হতে ৫ পর্যন্ত ক্রমিক নম্বরের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ৬ নং ক্রমিক নম্বরের জন্য আবেদন ফি বাবদ

৪ এর ২ পৃষ্ঠা

CamScanner

৫০/-(পঞ্চাশ) টাকা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপান্ন) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: AIS<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: AIS ABCDEF
Reply: Applicant's Name, TK-112 / 56 Will be charge as application fee. Your PIN is 12345678. To pay fee Type AIS < space > Yes < space > PIN and send to 16222.

দ্বিতীয় SMS: AIS<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: AIS Yes 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment complete successfully for AIS Ap Pliction for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxx).

চ) প্রবেশপত্রে প্রাপ্তির বিষয়টি https://ais.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চণীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন:

(i) **User ID জানা থাকলে: AIS<space>Help<space>User<space>User ID & Send to 16222**
Example: **AIS Help User ABCDEF**

(ii) **PIN Number জানা থাকলে : AIS<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.**
Example: **AIS Help PIN 12345678**

(ঝ) পত্রিকা ছাড়াও কৃষি তথ্য সার্ভিস এর ওয়েবসাইট www.ais.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd. ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.ais.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেতে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd তে যোগাযোগ করা যাবে। এছাড়াও, টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletaik এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে । (Mail/মেসেজে এর Subject এ Organization Name: AIS, post Name *** Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রে ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন, বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডোমিসাইল না হন; অথবা এদেশে কোনো ব্যক্তিকে বিবাহ করেন/বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নন; অথবা নৈতিক স্খলনজনিত কারণে দন্ডপ্রাপ্ত হন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

৪ এর ৩ পৃষ্ঠা

CamScanner

১০। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতার সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সেভাবে লিখতে হবে এবং কালার প্রিন্ট সংরক্ষণ করতে হবে।
১১। কোনো প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপ্রাপ্তির পর তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। আবেদনপত্রে উল্লিখিত তথ্যের কোনো ভুল প্রমাণিত হলে এবং/অথবা কোনো অসত্য তথ্য প্রদান করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১২। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনে কোনো পর্যায়ে পদের সংখ্যা বাড়ানো, কমানো, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৩। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূলকপি দাখিল করতে হবে।
১৪। Online এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৫। নিয়োগ সংক্রান্ত পরবর্তী সকল তথ্য কৃষি তথ্য সার্ভিসের ওয়েবসাইটে (www.ais.gov.bd) প্রকাশ করা হবে।

কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকার ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকার টেলিটক পোর্টালের QR Code

টেলিটক পোর্টালের QR Code

২৭.১০.২০২৬
(ফেরদৌসী ইয়াসমিন)
উপপরিচালক (গণযোগাযোগ)
কৃষি তথ্য সার্ভিস
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা

CamScanner